গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কার্যবন্টন তালিকা

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০১৬

# প্রশাসন অনুবিভাগ

**অতিরিক্ত সচিব (প্রশাসন)**

২.১ মন্ত্রণালয়ের প্রশাসন শাখা/অধিশাখাসমূহ, আইসিটি অধিশাখা, অডিট শাখা ও হিসাব শাখার কাজের সামগ্রিক তত্ত্বাবধান করা;

২.২ মন্ত্রণালয়ের প্রযোজ্য আর্থিক ও প্রশাসনিক দায়িত্ব পালন;

২.৩ অধিনস্থ উপসচিবগণের কাজসমূহ তদারকি;

২.৪ মন্ত্রণালয়ের ১১-২০ তম গ্রেডের কর্মচারীদের বিরুদ্ধে প্রদত্ত শাস্তিমূলক ব্যবস্থার বিরুদ্ধে আপিলের উপর চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ;

২.৫ মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের কর্মকর্তাদের অগ্রিম ভ্রমণ সূচী/ভ্রমণ ডায়েরী এবং ভ্রমণ বিল অনুমোদন;

২.৬ অতিরিক্ত সচিব (বাজেট) এর ছুটিকালীন বিকল্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন; এবং

২.৭ সচিব কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

**প্রশাসন অধিশাখাঃ**

৩.১ মন্ত্রণালয়ের প্রশাসনিক এবং অডিট সংক্রান্ত সামগ্রিক দায়িত্ব পালন;

৩.২ প্রশাসন-৪ শাখার ও হিসাব শাখার সামগ্রিক কর্মকান্ড তত্ত্বাবধান করা;

৩.৩ মন্ত্রী মহোদয়ের সহকারী একান্ত সচিব/মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান(পরি)/গবেষণা কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা এবং ৩য় শ্রেণীর কর্মচারীদের ভ্রমণ বিল অনুমোদন করা;

৩.৪ উপ-সচিব (প্রশাসন-২) এর অনুপস্থিতিতে তাঁর সাময়িক দায়িত্ব পালন করা;

৩.৫ মন্ত্রণালয়ের ত্রি-পক্ষীয় অডিট কমিটির সভাপতির দায়িত্ব পালন করা;

৩.৬ সরকারের আইসিটি নীতিমালা বাস্তবায়ন বিষয়ের ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন;

৩.৭ প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্প সংশ্লিষ্ট সকল কাজের দায়িত্ব পালন;

৩.৮ জলবায়ু পরিবর্তন বিষয়ক কার্যক্রমে মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন;

৩.৯ বাণিজ্য মন্ত্রণালয়ের এসপিএস বিষয়ক ফোকাল পয়েন্টের দায়িত্ব পালন;

৩.১০ .................. এর ছুটিকালীন বিকল্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন; এবং

৩.১০ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

**প্রশাসন- ১ শাখা/অধিশাখাঃ**

৪.১ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সকল সরকারী টেলিফোন, মোবাইল ও ইন্টারনেট সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৪.২ জনপ্রশাসন মন্ত্রণালয়ের তথ্য/প্রতিবেদন আদান-প্রদান, ১ম শ্রেণীর কর্মকর্তাদের বিভিন্ন ব্যক্তিগত আবেদন জনপ্রশাসন মন্ত্রণালয় ও অন্যান্য দপ্তর/ সংস্থায় অগ্রায়ন সংক্রান্ত কার্যক্রম;

৪.৩ মন্ত্রণালয়ের নিরাপত্তা বিষয়ক কার্যাদি নিরাপত্তা অফিসার হিসেবে দায়িত্ব পালন;

৪.৪ মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক/বার্ষিক প্রতিবেদন প্রস্তুত এবং মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নসহ যাবতীয় কার্যক্রম;

৪.৫ মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের যাবতীয় সংস্থাপন/প্রশাসনিক কাজ প্রক্রিয়াকরণ;

৪.৬ মাননীয় মন্ত্রী/মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের স্বেচ্ছাধীন তহবিলের অনুদান প্রদান সংক্রান্ত যাবতীয় কাজ;

৪.৭ মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের স্থায়ী পরিচয়পত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ;

৪.৮ অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের অস্থায়ী পরিচয়পত্র প্রদান সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পাদন;

৪.৯ সিটিজেন চার্টার, ইউনি কোড, ছিটমহল, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি;

৪.১০ সচিবালয় নির্দেশমালা/২০১৪ বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম;

৪.১১ বিভিন্ন প্রকার দিবস/ পদক-এ মনোনয়ন এবং মন্ত্রণালয়ের লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম;

৪.১২ এ টু আই (A2I) ও তথ্য যোগাযোগ প্রযুক্তি নীতিমালা/২০১৫ এ বর্ণিত কর্মপরিকল্পনা সংক্রান্ত কার্যক্রম;

৪.১৩ মহামান্য রাষ্ট্রপতির ভাষণ সংক্রান্ত কার্যক্রম;

৪.১৪ মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রীর বিদেশ সফর সংক্রান্ত সার-সংক্ষেপ মন্ত্রিসভায় অবহিতকরণ;

৪.১৫ জেলা প্রশাসক সম্মেলন সংক্রান্ত কার্যক্রম;

৪.১৬ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত কার্যক্রম;

৫.১৭ এস ডি জি (Sustainable Development Goal) সংক্রান্ত কার্যক্রম;

৪.১৮ প্রশাসন-৪ শাখা/অধিশাখা কর্মকর্তার ছুটিকালীন বিকল্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন; এবং

৪.১৯ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

**প্রশাসন-২ শাখা/অধিশাখাঃ**

৫.১ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণের প্রাতিষ্ঠানিক/সংস্থাপনিক বিষয়াদি প্রক্রিয়াকরণ করা;

৫.২ বিভিন্ন মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর/সংস্থা হতে প্রেরিত চিঠিপত্র গ্রহণ এবং বিভিন্ন শাখায় প্রেরণ সম্পর্কিত কার্যক্রম;

৫.৩ মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা হতে অধিদপ্তর/দপ্তর/সংস্থায় প্রেরিতব্য চিঠিপত্র গ্রহণ এবং অধিদপ্তর/ দপ্তর/ সংস্থায় প্রেরণ সম্পর্কিত কার্যক্রম;

৫.৪ মন্ত্রণালয়ের ১৩ থেকে ২০ গ্রেড পর্যন্ত কর্মচারীদের নিয়োগ/পদোন্নতি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৫.৫ মন্ত্রণালয়ে কর্মরত ১ থেকে ২০ গ্রেড পর্যন্ত কর্মকর্তা/ কর্মচারীদের অর্জিত ছুটি/শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান/বহিঃবাংলাদেশ ছুটি/জিপিএফ অগ্রিম প্রদান সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৫.৬ মন্ত্রণালয়ে কর্মরত ১ থেকে ২০ গ্রেড পর্যন্ত কর্মকর্তা/ কর্মচারীদের ব্যক্তিগত বিভিন্ন আবেদন নিষ্পত্তিকরণ প্রক্রিয়াকরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৫.৭ মন্ত্রণালয়ে কর্মরত ১০ থেকে ২০ গ্রেড পর্যন্ত কর্মকর্তা/ কর্মচারীদের পেনশন নিষ্পত্তিকরণ;

৫.৮ মন্ত্রণালয়ের ১০ থেকে ১২ গ্রেড পর্যন্ত পদে কর্মকর্তা নিয়োগ/পদোন্নতি কার্যক্রম প্রক্রিয়াকরণ;

৫.৯ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক পদায়নকৃত ১ম শ্রেণীর কর্মকর্তাদেরকে এবং মন্ত্রণালয়ের ১০ থেকে ১২ গ্রেড পর্যন্ত পদে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে মন্ত্রণালয়ের বিভিন্ন অনুবিভাগ/শাখায় পদায়ন/বদলি সংক্রান্ত কার্যক্রম;

৫.১০ বিসিএস (প্রশাসন) ক্যাডার হতে আগত কর্মকর্তাগণকে প্রেষণে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন/বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট/মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরে পদায়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৫.১১ মন্ত্রণালয়ের অফিস যন্ত্রপাতি, ফ্যাক্স, ইন্টারকম, সভাকক্ষের মাইক্রোফোন, কম্পিউটার, ব্যবহার নিয়ন্ত্রণ সংরক্ষণ ও পরিচালনা সংক্রান্ত কার্যক্রম;

৫.১২ প্রটোকল সংক্রান্ত যাবতীয় কাজ কর্মের দায়িত্বে থাকা;

৫.১৩ দূর্যোগ নিয়ন্ত্রণ সেলের ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন এবং মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরের সংঘঠিত ক্ষয়ক্ষতির প্রতিবেদন প্রণয়ন;

৫.১৪ সচিব সভার কার্যপত্র প্রক্রিয়াকরণ;

৫.১৫ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের রিপোর্ট প্রস্তত সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৫.১৬ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে চাহিদাকৃত তথ্য/প্রতিবেদন সংগ্রহ ও প্রেরণ;

৫.১৭ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত অফিস আদেশ, প্রজ্ঞাপন, পরিপত্র ইত্যাদি মন্ত্রণালয়ের কর্মকর্তা এবং অধিনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠানে পৃষ্ঠাংকনকরণসহ যথাযথ ব্যবস্থা গ্রহণ;

৫.১৮ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ কাজ ও আন্তঃ দপ্তর/সংস্থা সংক্রান্ত বিষয়াদির সমন্বয় সাধন;

৫.১৯ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তরের প্রাপ্যতা অনুযায়ী কর্মকর্তা/ কর্মচারীদের জন্য এ, বি, সি, টাইপ সরকারী বাসা বরাদ্দ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৫.২০ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/অর্জিত সাফল্য সম্পর্কিত প্রতিবেদন প্রস্তুতকরণ এবং প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৫.২১ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক এ মন্ত্রণালয় পরিদর্শন সংক্রান্ত কার্যক্রম;

৫.২২ কর্মকর্তা/ কর্মচারীদের জন্য অফিস কক্ষ বরাদ্দ এবং ইহাদের সংরক্ষণের জন্য সরকারী আবাসন পরিদপ্তর/গণপূর্ত দপ্তরের সাথে যোগাযোগ রক্ষা করা;

৫.২৩ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের জন্য বিধি মোতাবেক ম্যাগাজিন, সংবাদপত্র সরবরাহ, মন্ত্রণালয়ের নিজস্ব গ্রন্থাগারের জন্য প্রয়োজনীয় পুস্তিকাদি সংগ্রহ এবং এতসংক্রান্ত বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ;

৫.২৪ মন্ত্রণালয়ের বিভিন্ন সভা অনুষ্ঠানের ব্যাপারে সার্বিক সহায়তা দান এবং এ ধরনের সভায় কেবলমাত্র অপরিহার্য ক্ষেত্রে বিধিমতে আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ;

৫.২৫ মন্ত্রণালয়ের যানবাহন সংগ্রহ, ক্রয়, পরিচালনা এবং সংরক্ষণ;

৫.২৬ মন্ত্রণালয়ের অফিসের পরিষ্কার পরিচ্ছন্নতার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ;

৫.২৭ মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের আর্থিক সাহায্যের জন্য মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সার-সংক্ষেপ প্রেরণ সংক্রান্ত কার্যক্রম;

৫.২৮ মন্ত্রণালয়ের স্টেশনারী সামগ্রী সংগ্রহ/ক্রয় প্রক্রিয়াজাতকরণ এবং বিতরণ সম্পর্কিত কার্যক্রম;

৫.২৯ মন্ত্রণালয়ের প্রাপ্যতা অনুযায়ী কর্মচারীদেরকে পোষাকাদি সরবরাহের ব্যবস্থা গ্রহণ;

৫.৩০ প্রধানমন্ত্রীর কার্যালয়ে খাদ্যে ভেজাল সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ ;

৫.৩১ মন্ত্রণালয়ে কর্মরত প্রশাসন ক্যাডার ও ইকোনমিক ক্যাডারের সকল কর্মকর্তাদের ব্যক্তিগত নথির কার্যক্রম;

৫.৩২ মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রীর ব্যক্তিগত নথিসহ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সহকারী একান্ত সচিব, তথ্য কর্মকর্তা এবং মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সহকারী একান্ত সচিবের ব্যক্তিগত নথির কার্যক্রম;

৫.৩৩ মন্ত্রণালয়ের ১০ থেকে ২০ গ্রেড পর্যন্ত সকল কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নথির কার্যক্রম;

৫.৩৪ প্রশাসন-৩ শাখা/অধিশাখার কর্মকর্তার ছুটিকালীন বিকল্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন; এবং

৫.৩৫ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

**প্রশাসন-৩ শাখা/অধিশাখাঃ**

৬.১ মন্ত্রণালয় এবং অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের বিদেশে অনুষ্ঠিত সকল প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা/শিক্ষা সফর ইত্যাদিতে যোগদান সম্পর্কিত নীতিমালা প্রণয়ন এবং এ সংক্রান্ত বিষয়াদি প্রক্রিয়াকরণ ও প্রেষণাদেশ জারীকরণ;

৬.২ বিভিন্ন কমিটি বিশেষ করে মন্ত্রণালয়ের বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত স্থায়ী বাছাই কমিটি গঠন সংক্রান্ত কার্যক্রম;

৬.৩ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের দেশে/বিদেশে প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম;

৬.৪ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভা এবং মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/ সংস্থা/প্রতিষ্ঠানের প্রধানসহ সমন্বয় সভা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৬.৫ মন্ত্রণালয় এবং অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের দেশের অভ্যন্তরে অনুষ্ঠিত উচ্চ শিক্ষা (এমফিল, এমএস বা সমমান ও পিএইচডি বা সমমান) গ্রহণের নিমিত্ত প্রেষণাদেশ/শিক্ষা ছুটি/বিনা বেতনে অসাধারণ ছুটি সংক্রান্ত কার্যক্রম;

৬.৬ বিভিন্ন মন্ত্রণালয়ের সেমিনার/ওয়ার্কশপে মন্ত্রণালয়ের প্রতিনিধি/ফোকাল পয়েন্ট অংশগ্রহণের অনুমতি সংক্রান্ত কার্যক্রম;

৬.৭ বিভিন্ন অনুষ্ঠানের আমন্ত্রপত্র প্রেরণের নিমিত্ত রাষ্ট্রপতির কার্যালয়/প্রধানমন্ত্রীর কার্যালয় হতে চাহিত কর্মকর্তাদের তালিকা প্রেরণ;

৬.৮ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক অনুষ্ঠিত সভায় মন্ত্রণালয়ের প্রতিনিধি প্রেরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৬.৯ সচিব মহোদয়/অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সাথে বৈদেশিক প্রতিনিধিদের বৈঠক সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৬.১০ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও উত্তম চর্চা সংক্রান্ত কার্যক্রম;

৬.১১ ইনোভেশন কার্যক্রম এবং ডিজিটাল ও এটলাস সংক্রান্ত কার্যক্রম;

৬.১২ তথ্য অধিকার আইন বাস্তবায়ন এবং জাতীয় ভোক্তা অধিকার সংক্রান্ত কার্যক্রম;

৬.১৩ বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন সংক্রান্ত কার্যক্রম;

৬.১৪ বিদেশী সংস্থায় নিয়োগের নিমিত্তে কর্মকর্তাদের আবেদন প্রেরণ এবং বিভিন্ন প্রশিক্ষণের ফি বাবদ আর্থিক জি.ও. জারি সংক্রান্ত কার্যক্রম;

৬.১৫ প্রশাসন-২ শাখা/অধিশাখার কর্মকর্তার ছুটিকালীন বিকল্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন; এবং

৬.১৬ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;

**প্রশাসন-৪ শাখা/অধিশাখাঃ**

৭.১ মন্ত্রণালয়ের রাজস্ব বাজেটের ব্যয় সংক্রান্ত অডিট আপত্তির দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ;

৭.২ মন্ত্রণালয় এবং অধিনস্থ সকল দপ্তর ও প্রকল্পের যাবতীয় কাজ ব্যয় সংক্রান্ত বিষয়ের অডিট এবং অনুমতি হিসাব কমিটি ও পি, এ কমিটি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৭.৩ মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরের সকল কার্যালয়ের হিসাব নিরীক্ষা সংক্রান্ত মোট প্রতিবেদনের উপর কার্যকর ব্যবস্থা প্রক্রিয়াকরণ;

৭.৪ উন্নয়ন ব্যয় সংক্রান্ত অডিট আপত্তি নিষ্পত্তিকল্পে ব্যবস্থা গ্রহণ;

৭.৫ মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তর ও উহার অধিনস্থ সকল প্রতিষ্ঠানের অডিট রিপোর্ট পর্যালোচনা ও উহার নিষ্পত্তিকরণ/ প্রক্রিয়াকরণ;

৭.৬ মন্ত্রণালয়ের অডিট সংক্রান্ত সকল কাজ প্রক্রিয়াকরণ;

৭.৭ অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তিকল্পে গঠিত ত্রিপক্ষীয় কমিটির সভার আয়োজন, কার্যপত্র সংগ্রহ ও সভা পরিচালনা, সভার কার্যবিবরণী প্রস্তুত ও সংশ্লিষ্ট অডিট অফিসে প্রেরণ;

৭.৮ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন ও প্রকল্প ও দপ্তরসমূহের অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ;

৭.৯ বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর অডিট রিপোর্ট পর্যালোচনা/আপত্তি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ;

৭.১০ রাজস্ব বাজেটের আওতায় অডিট/সমীক্ষা ফি খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা সমীক্ষা পরিচালনার জন্য ফার্ম নিয়োগ প্রক্রিয়াকরণ ও এতদসম্পর্কিত সকল কার্যাদি সম্পাদন;

৭.১১ মন্ত্রণালয়ের আয়ন ও ব্যয়ন অফিসার হিসাবে দায়িত্ব পালন;

৭.১২ প্রশাসন-১ শাখা/অধিশাখার কর্মকর্তা ও হিসাবরক্ষণ কর্মকর্তার ছুটিকালীন বিকল্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন; এবং

৭.১৩ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

**আইন অধিশাখাঃ**

৮.১ মৎস্য সম্পদ ও প্রাণিসম্পদ সংক্রান্ত আইন/বিধিমালা/নীতিমালা প্রণয়ন, সংশোধন, আধুনিকীকরণ ও এ সংক্রান্ত সকল কার্যাদি সম্পাদন;

৮.২ মন্ত্রণালয়ের মামলা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

৮.৩ আইন বিধানসমূহ কে বাংলা ভাষায় রুপান্তরের উদ্দেশ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষের সাথে সমন্বিত উদ্যোগ গ্রহণ;

৮.৪ আদালত অবমাননা মামলায় কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট অধিদপ্তর/শাখা/দপ্তর থেকে তথ্য বিবরণী সংগ্রহপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৮.৫ যৌন নিপিড়ণ বন্ধ সংক্রান্ত আইন/মামলা সংক্রান্ত কার্যক্রম;

৮.৬ হালদা নদীতে অভয়াশ্রম প্রতিষ্ঠা সংক্রান্ত আইন/বিধিমালা;

৮.৭ ইলিশ মাছের আইন/বিধিমালা সম্পর্কিত কার্যক্রম;

৮.৮ সামুদ্রিক মৎস্য সংক্রান্ত আইন, অধ্যাদেশ এবং বিধি এবং উহাদের অন্তর্ভূক্ত সকল কার্যাবলী;

৮.৯ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন সংক্রান্ত আইন, অধ্যাদেশ এবং বিধিমালা সংক্রান্ত বিষয়াদি প্রক্রিয়াকরণ;

৮.১০ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

**আইন-১ শাখা/অধিশাখাঃ**

৯.১ জাতীয় মৎস্য সম্পদ (অভ্যন্তরীণ ও স্বাদুপানির) কর্মসূচী বাস্তবায়নে সহায়তা প্রদানের লক্ষ্যে জাতীয় মৎস্য নীতি প্রণয়ন।

৯.২ মৎস্য অধিদপ্তরের আওতাধীন আইন/বিধিমালা/নীতিমালা প্রণয়ন, সংশোধন, আধুনিকীকরণ ও এ সংক্রান্ত সকল কার্যাদি সম্পাদন;

৯.৩ অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মৎস্য সম্পদ সম্প্রসারণ ও সংরক্ষণের নীতিমালা সংক্রান্ত সকল বিষয়াদি প্রক্রিয়াকরণ;

৯.৪ মৎস্য আইনের আওতায় অভ্যন্তরীণ ও স্বাদু পানির জলাশয়ে মৎস্য সংক্রান্ত আইন প্রয়োগ ও এ সংক্রান্ত মামলার যাবতীয় কাজ;

৯.৫ হালদা নদীতে অভয়াশ্রম প্রতিষ্ঠা সংক্রান্ত আইন/বিধিমালা;

৯.৬ ইলিশ মাছের আইন/বিধিমালা;

৯.৭ আইন-বিধি সমূহকে বাংলাভাষায় রুপান্তরের উদ্দেশ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলাভাষা বাস্তবায়ন কোষের সাথে কাজ করা;

৯.৮ মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন ও মেরিন ফিশারিজ একাডেমি সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা সংক্রান্ত যাবতীয় কার্যাবলী।

৯.৯ আইন-২ শাখা/অধিশাখার কর্মকর্তার ছুটিকালীন বিকল্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন; এবং

৯.১০ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

আইন-২ শাখা/অধিশাখাঃ

১০.১ মৎস্য অধিদপ্তর ব্যতিত এ মন্ত্রণালয়ের অধীন অন্যান্য দপ্তর/সংস্থা সংক্রান্ত আইন/বিধিমালা/নীতিমালা প্রণয়ন, সংশোধন, আধুনিকীকরণসহ সকল কার্যাদি সম্পাদন;

১০.২ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রণিত খসড়া আইনের উপর মতামত;

১০.৩ আইন-বিধি সমূহকে বাংলাভাষায় রুপান্তরের উদ্দেশ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলাভাষা বাস্তবায়ন কোষের সাথে কাজ করা;

১০.৪ মৎস্য অধিদপ্তর ব্যতিত এ মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার বিরুদ্ধে দায়েরকৃত মামলা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

১০.৫ প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের বিরুদ্ধে দায়েরকৃত মামলা সংক্রান্ত যাবতীয় কার্যাবলী;

১০.৬ আইন-১ শাখা/অধিশাখার কর্মকর্তার ছুটিকালীন বিকল্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন; এবং

১০.৭ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

সিস্টেম এনালিস্ট:

১১.১ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তাগণের ব্যক্তিগত ডাটা-শীট (পিডিএস) সুবিন্যস্ত পদ্ধতিতে সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ, প্রতিনিয়ত হালনাগাদকরণ প্রভৃতি কাজ সুচারুরুপে সম্পন্নকরণ;

১১.২ বিদ্যমান সফটওয়্যারসমূহের ক্রমাগত উন্নয়ন ও হালনাগাদকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

১১.৩ জাতীয় বাজেট প্রণয়ণে তথ্য প্রযুক্তির সুষ্ঠু ব্যবহার;

১১.৪ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কম্পিউটার সার্ভারের সাথে অর্থ বিভাগের নেটওয়ার্ক দ্বারা যোগাযোগ রক্ষা;

১১.৫ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কর্মকর্তা- কর্মচারীদেরকে কম্পিউটার সংক্রান্ত যাবতীয় প্রশিক্ষণ প্রদান;

১১.৬ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ই-গভর্ণ্যান্স সংক্রান্ত কাজের সমন্বয় সাধনে সহায়তা প্রদান;

১১.৭ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তার ইন্টারনেট সংযোগ সংক্রান্ত সকল কাজে সহায়তা করা;

১১.৮ ওয়েব-সাইট রক্ষণাবেক্ষণ, তথ্য হালনাগাদকরণ, নতুন তথ্য সংযোজন, বিয়োজন সংশ্লিষ্ট সকল কাজের তদারকি করা;

১১.৯ নতুন কোন হর্ডওয়্যার সম্পর্কিত কম্পিউটার প্রযুক্তি সম্পর্কে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদেরকে অবহিতকরণ এবং প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;

১১.১০ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন;

প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার:

১২.১ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তাগণের ব্যক্তিগত ডাটা-শীট (পিডিএস) সুবিন্যস্ত পদ্ধতিতে সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ, প্রতিনিয়ত হালনাগাদকরণ প্রভৃতি কাজ সুচারুরুপে সম্পন্নকরণ;

১২.২ বিদ্যমান সফটওয়্যারসমূহের ক্রমাগত উন্নয়ন ও হালনাগাদকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

১২.৩ জাতীয় বাজেট প্রণয়ণে তথ্য প্রযুক্তির সুষ্ঠু ব্যবহার;

১২.৪ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কম্পিউটার সার্ভারের সাথে অর্থ বিভাগের নেটওয়ার্ক দ্বারা যোগাযোগ রক্ষা;

১২.৫ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদেরকে কম্পিউটার সংক্রান্ত যাবতীয় প্রশিক্ষণ প্রদান;

১২.৬ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ই-গভর্ণ্যান্স সংক্রান্ত কাজের সমন্বয় সাধনে সহায়তা প্রদান;

১২.৭ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তার ইন্টারনেট সংযোগ সংক্রান্ত সকল কাজে সহায়তা করা;

১২.৮ ওয়েব-সাইট রক্ষণাবেক্ষণ, তথ্য হালনাগাদকরণ, নতুন তথ্য সংযোজন, বিয়োজন সংশ্লিষ্ট সকল কাজের তদারকি করা;

১২.৯ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের হার্ডওয়্যার সংক্রান্ত ক্রয়, রক্ষণাবেক্ষণ এবং প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;

১২.১০ নতুন কোন হর্ডওয়্যার সম্পর্কিত কম্পিউটার প্রযুক্তি সম্পর্কে মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদেরকে অবহিতকরণ এবং প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;

১২.১১ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন;

**সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার**

১৩.১ মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ের সকল কম্পিউটার হার্ডওয়্যার/সফটওয়্যার রক্ষণাবেক্ষণ;

১৩.২ মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তার ইন্টারনেট সংযোগ সংক্রান্ত কম্পিউটার রক্ষণাবেক্ষণ;

১৩.৩ মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ের ই-গভর্ণ্যান্স সংক্রান্ত কাজের সমন্বয় সাধনে সহায়তা প্রদান;

১৩.৪ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন;

**হিসাব শাখাঃ**

১৪.১ মন্ত্রণালয়ের রাজস্ব বাজেট সংক্রান্ত হিসাবরক্ষণের দায়িত্ব পালন;

১৪.২ মন্ত্রণালয়ের ৩য় ও ৪র্থ শ্রেনির কর্মচারীদের বেতন বিল, ভ্রমণ ভাতা বিল, ওভারটাইম বিল প্রস্তত করা ও অনুমোদনের পর চেক জমাকরণ;

১৪.৩ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের পক্ষে বেতন বিল ও ভ্রমণ ভাতা বিল প্রস্তর্ত করা ও প্রক্রিয়াকরণ;

১৪.৪ নন-গেজেটেড কর্মচারীদের ছুটির হিসাব সংরক্ষণ এবং চাহিদা অনুযায়ী সার্টিফিকেট প্রদান;

১৪.৫ প্রাপ্তি এবং ব্যয় সংক্রান্ত রেজিস্টার, ক্যাশ বুক হিসাব সংরক্ষন সংক্রান্ত রিপোর্ট/রেজিষ্টার সংরক্ষণ;

১৪.৬ মন্ত্রণালয়ের ইমপ্রেস ফান্ড চালুকরণ;

১৪.৭ ভ্রমণ ভাতা অগ্রিম প্রদান প্রক্রিয়াকরণ;

১৪.৮ মন্ত্রণালয়ের সকল অফিস ও আবাসিক টেলিফোন বিলসহ আনুষঙ্গিক খরচের যাবতীয় বিল যথাসময়ে প্রধান হিসাবরক্ষণ অফিসারের কার্যালয়ে প্রেরণ এবং পাশ করার জন্য উদ্যোগ গ্রহণ; এবং

১৪.৯ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

**অতিরিক্ত সচিব (বাজেট)**

১৫.১ মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত কার্যক্রমের সামগ্রিক তত্বাবধান;

১৫.২ অধিনস্থ উপসচিবগণের কাজসমূহ তদারকি;

১৫.৩ অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (..........) এর ছুটিকালীন বিকল্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন; এবং

১৫.৪ সচিব কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

**বাজেট অধিশাখাঃ**

১৬.১ মধ্যমেয়াদী বাজেট কাঠামো প্রণয়ন সংক্রান্ত সকল কার্যক্রম;

১৬.২ অর্থ মন্ত্রণালয়ের বাজেট পরিপত্র-১ ও বাজেট পরিপত্র-২ মোতাবেক সচিবালয় অংশসহ আওতাধীন সকল অধিদপ্তরে/দপ্তর/সংস্থার সিলিং নির্ধারণ, বাজেট ওয়ার্কিং গ্রুপের সভা ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার মাধ্যমে তা অনুমোদন;

১৬.৩ বাজেট কৌশলগত লক্ষ্যমাত্রা নির্ধারণকল্পে অর্থ বিভাগ ও সংস্থাসমূহের সহিত সমন্বয়ের মাধ্যমে মন্ত্রণালয়ের বাজেট কাঠামো (MBF) প্রণয়ন ও তা বাজেট ওয়ার্কিং গ্রুপ ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার মাধ্যমে অনুমোদন;

১৬.৪ কার্যক্রমের ফলাফল নির্দেশক কর্মকৃতি লক্ষ্যমাত্রা (KPI) নির্ধারণকল্পে অর্থ বিভাগ ও সংস্থাসমূহের সহিত সমন্বয়ের মাধ্যমে প্রস্তুতপূর্বক তা বাজেট ওয়ার্কিং গ্রুপ ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার মাধ্যমে অনুমোদন;

১৬.৫ বাজেট কাঠামো চুড়ান্তকরণের লক্ষ্যে রাজস্ব আয়, অনুন্নয়ন ব্যয় ও উন্নয়ন ব্যয় এর বিষয়ে সংস্থা হতে প্রাপ্ত প্রস্তাব পর্যালোচনা, বাজেট ওয়ার্কিং গ্রুপের সভা ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার মাধ্যমে তা অনুমোদন।

১৬.৬ iBAS Database Network এর মাধ্যমে ডাটা এন্ট্রি সংক্রান্ত কার্যক্রম;

১৬.৭ রাজস্ব আয়, ব্যয় (অনুন্নয়ন ও উন্নয়ন), কৌশলগত লক্ষ্যমাত্রা, রাজস্ব কর্মসূচী ইত্যাদির আর্থিক বাস্তব অগ্রগতির তথ্যাদি গ্রহণ, বিএমসিতে উপস্থাপন এবং অর্থ বিভাগে প্রেরণ;

১৬.৮ মধ্যমেয়াদী বাজেট কাঠামোর অন্তর্ভূক্ত মন্ত্রণালয় হিসেবে বাজেট বাস্তবায়ন ও মূল্যায়ন কাজের জন্য গঠিত মূল্যায়ন কমিটিকে সহায়তা প্রদান;

১৬.৯ সংশোধিত বাজেট প্রণয়ন ও iBAS Database Network এর মাধ্যমে ডাটা এন্ট্রিকরণ;

১৬.১০ কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রদেয় ঋণ ও অগ্রিমের অর্থ এ মন্ত্রণালয়ের প্রাতিষ্ঠানিক কোডে প্রদান করা হয়ে থাকে যা বিভাজন প্রস্তুতপূর্বক সংস্থার বিপরীতে বরাদ্দ প্রদান;

১৬.১১ স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানসমূহের অর্থ বিভাজন অনুমোদন ও ত্রৈমাসিক অর্থ ছাড়করণ;

১৬.১২ মন্ত্রণালয় (সচিবালয় অংশ) এবং মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ঋণ অগ্রিম মঞ্জুরী;

১৬.১৩ আন্তর্জাতিক সংস্থাসমূহের বার্ষিক চাঁদা পরিশোধ;

১৬.১৪ ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন এবং ভূমি উন্নয়ন কর প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণ;

১৬.১৫ কর্মকর্তাদের বিদেশ ভ্রমণের ক্ষেত্রে অগ্রিম উত্তোলনের জিও জারীকরণ;

১৬.১৬ কর ব্যতীত রাজস্ব (NTR) ও জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত করসমূহ (Non-NBR) আদায় সংক্রান্ত বিষয়ে বিভিন্ন তথ্যাদি গ্রহণ ও অর্থ বিভাগে প্রেরণ;

১৬.১৭ বিভিন্ন দপ্তর, অধিদপ্তর ও সংস্থাসমূহের অতিরিক্ত বরাদ্দ প্রদান, উপযোজন ও বিয়োজন বিষয়ক কার্যক্রম গ্রহণ;

১৬.১৮ বিভিন্ন দপ্তর, অধিদপ্তর ও সংস্থাসমূহের পক্ষ হতে প্রদত্ত মেয়াদ উত্তীর্ণ চেকের স্থলে নতুন চেক প্রদান বিষয়ক কার্যক্রম গ্রহণ;

১৬.১৯ কর্মচারীদের যাতায়াত/অধিকাল ভাতা কার্য সংক্রান্ত ভাতা/নাস্তা ভাতা বিল প্রদান সংক্রান্ত যাবতীয় কাজ;

১৬.২০ .......... অধিশাখার কর্মকর্তার ছুটিকালীন বিকল্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন; এবং

১৬.২১ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

**বাজেট-১ শাখা/অধিশাখা:**
**(প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল)**

১৭.১ মধ্যমেয়াদী বাজেট কাঠামো প্রণয়ন সংক্রান্ত সকল কার্যক্রম;

১৭.২ অর্থ মন্ত্রণালয়ের বাজেট পরিপত্র-১ ও বাজেট পরিপত্র-২ মোতাবেক সচিবালয় অংশসহ সিলিং নির্ধারণ, বাজেট ওয়ার্কিং গ্রুপ ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার জন্য তথ্য সংগ্রহ ও উপস্থাপন;

১৭.৩ বাজেট কাঠামো (MoBF) প্রণয়ন ও তা বাজেট ওয়ার্কিং গ্রুপ ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম;

১৭.৪ কার্যক্রমের ফলাফল নির্দেশক কর্মকৃতি লক্ষ্যমাত্রা (KPI) নির্ধারণকল্পে অর্থ বিভাগ ও সংস্থাসমূহের সহিত সমন্বয়ের মাধ্যমে প্রস্তুতপূর্বক তা বাজেট য়ার্কিং গ্রুপের সভা ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার মাধ্যমে তা অনুমোদন;

১৭.৫ বাজেট কাঠামো চূড়ান্তকরণের লক্ষ্যে রাজস্ব আয়, অনুন্নয়ন ব্যয় ও উন্নয়ন ব্যয় এর বিষয়ে সংস্থা হতে প্রাপ্ত প্রস্তাব পর্যালোচনা, বাজেট ওয়ার্কিং গ্রুপের সভা ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার মাধ্যমে তা অনুমোদন;

১৭.৬ iBAS Database Network এর মাধ্যমে ডাটা এন্ট্রি সংক্রান্ত কার্যক্রম;

১৭.৭ রাজস্ব আয়, ব্যয় (অনুন্নয়ন ও উন্নয়ন), কৌশলগত লক্ষ্যমাত্রা, রাজস্ব কর্মসূচী ইত্যাদির আর্থিক বাস্তব অগ্রগতির তথ্যাদি গ্রহণ, বিএমসিতে উপস্থাপন এবং অর্থ বিভাগে প্রেরণ;

১৭.৮ মধ্যমেয়াদী বাজেট কাঠামোর অন্তর্ভূক্ত মন্ত্রণালয় হিসেবে বাজেট বাস্তবায়ন ও মূল্যায়ন কাজের জন্য গঠিত মূল্যায়ন কমিটিকে সহায়তা প্রদান;

১৭.৯ সংশোধিত বাজেট প্রণয়ন ও iBAS Database Network এর মাধ্যমে ডাটা এন্ট্রিকরণ;

১৭.১০ কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রদেয় ঋণ ও অগ্রিমের অর্থ এ মন্ত্রণালয়ের প্রাতিষ্ঠানিক কোডে প্রদান করা হয়ে থাকে যা বিভাজন প্রস্তুতপূর্বক সংস্থার বিপরীতে বরাদ্দ প্রদান;

১৭.১১ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের অর্থ বিভাজন অনুমোদন ও ত্রৈমাসিক অর্থ ছাড়করণ;

১৭.১২ মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ঋণ অগ্রিম মঞ্জুরী;

১৭.১৩ আন্তর্জাতিক সংস্থাসমূহের (OIE, APHCA) বার্ষিক চাঁদা পরিশোধ বিষয়ে কার্যক্রম;

১৭.১৪ ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন এবং ভূমি উন্নয়ন কর প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণ

১৭.১৫ কর্মকর্তাদের বিদেশ ভ্রমণের ক্ষেত্রে অগ্রিম উত্তোলনের জিও জারীকরণ;

১৭.১৬ কর ব্যতীত রাজস্ব (NTR) ও জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত করসমূহ (Non-NBR) আদায় সংক্রান্ত বিষয়ে বিভিন্ন তথ্যাদি গ্রহণ ও অর্থ বিভাগে প্রেরণ;

১৭.১৭ বিভিন্ন দপ্তর, অধিদপ্তর ও সংস্থাসমূহের অতিরিক্ত বরাদ্দ প্রদান, উপযোজন ও বিয়োজন বিষয়ক কার্যক্রম গ্রহণ;

১৭.১৮ বিভিন্ন দপ্তর, অধিদপ্তর ও সংস্থাসমূহের পক্ষ হতে প্রদত্ত মেয়াদ উত্তীর্ণ চেকের স্থলে নতুন চেক প্রদান বিষয়ক কার্যক্রম গ্রহণ

১৭.১৯ কর্মচারীদের যাতায়াত/অধিকাল ভাতা কার্য সংক্রান্ত ভাতা/নাস্তা ভাতা বিল প্রদান সংক্রান্ত যাবতীয় কাজ;

১৭.২০ বাজেট-২ শাখা/ অধিশাখার কর্মকর্তার ছুটিকালীন বিকল্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন; এবং

১৭.২১ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

**বাজেট-২ শাখা/অধিশাখা:**

**(মৎস্য অধিদপ্তর, মেরিন ফিশারিজ একাডেমী, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর)**

১৮.১ মধ্যমেয়াদী বাজেট কাঠামো প্রণয়ন সংক্রান্ত সকল কার্যক্রম;

১৮.২ অর্থ মন্ত্রণালয়ের বাজেট পরিপত্র-১ ও বাজেট পরিপত্র-২ মোতাবেক সিলিং নির্ধারণ, বাজেট ওয়ার্কিং গ্রুপ ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার জন্য তথ্য সংগ্রহ ও উপস্থাপন;

১৮.৩ বাজেট কাঠামো (MBF) প্রণয়ন ও তা বাজেট ওয়ার্কিং গ্রুপ ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম;

১৮.৪ কার্যক্রমের ফলাফল নির্দেশক কর্মকৃতি লক্ষ্যমাত্রা (KPI) নির্ধারণকল্পে অর্থ বিভাগ ও সংস্থাসমূহের সহিত সমন্বয়ের মাধ্যমে প্রস্তুতপূর্বক তা বাজেট ওয়ার্কিং গ্রুপের সভা ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার মাধ্যমে তা অনুমোদন;

১৮.৫ বাজেট কাঠামো চূড়ান্তকরণের লক্ষ্যে রাজস্ব আয়, অনুন্নয়ন ব্যয় ও উন্নয়ন ব্যয় এর বিষয়ে সংস্থা হতে প্রাপ্ত প্রস্তাব পর্যালোচনা, বাজেট ওয়ার্কিং গ্রুপের সভা ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার মাধ্যমে তা অনুমোদন;

১৮.৭ iBAS Database Network এর মাধ্যমে ডাটা এন্ট্রি সংক্রান্ত কার্যক্রম;

১৮.৮ রাজস্ব আয়, ব্যয় (অনুন্নয়ন ও উন্নয়ন), কৌশলগত লক্ষ্যমাত্রা, রাজস্ব কর্মসূচী ইত্যাদির আর্থিক বাস্তব অগ্রগতির তথ্যাদি গ্রহণ, বিএমসিতে উপস্থাপন এবং অর্থ বিভাগে প্রেরণ;

১৮.৯ মধ্যমেয়াদী বাজেট কাঠামোর অন্তর্ভূক্ত মন্ত্রণালয় হিসেবে বাজেট বাস্তবায়ন ও মূল্যায়ন কাজের জন্য গঠিত মূল্যায়ন কমিটিকে সহায়তা প্রদান;

১৮.১০ সংশোধিত বাজেট প্রণয়ন ও iBAS Database Network এর মাধ্যমে ডাটা এন্ট্রিকরণ;

১৮.১১ কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রদেয় ঋণ ও অগ্রিমের অর্থ এ মন্ত্রণালয়ের প্রাতিষ্ঠানিক কোডে প্রদান করা হয়ে থাকে যা বিভাজন প্রস্তুতপূর্বক সংস্থার বিপরীতে বরাদ্দ প্রদান;

১৮.১২ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের অর্থ বিভাজন অনুমোদন ও ত্রৈমাসিক অর্থ ছাড়করণ;

১৮.১৩ মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ঋণ অগ্রিম মঞ্জুরী;

১৮.১৪ আন্তর্জাতিক সংস্থাসমূহের (BOBP-IGO, NACA, INFOFISH) বার্ষিক চাঁদা পরিশোধ বিষয়ে কার্যক্রম;

১৮.১৫ ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন এবং ভূমি উন্নয়ন কর প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণ

১৮.১৬ কর্মকর্তাদের বিদেশ ভ্রমণের ক্ষেত্রে অগ্রিম উত্তোলনের জিও জারীকরণ;

১৮.১৭ কর ব্যতীত রাজস্ব (NTR) ও জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত করসমূহ (Non-NBR) আদায় সংক্রান্ত বিষয়ে বিভিন্ন তথ্যাদি গ্রহণ ও অর্থ বিভাগে প্রেরণ;

১৮.১৮ বিভিন্ন দপ্তর, অধিদপ্তর ও সংস্থাসমূহের পক্ষ হতে প্রদত্ত মেয়াদ উত্তীর্ণ চেকের স্থলে নতুন চেক প্রদান বিষয়ক কার্যক্রম গ্রহণ;

১৮.১৯ কর্মচারীদের যাতায়াত/অধিকাল ভাতা কার্য সংক্রান্ত ভাতা/নাস্তা ভাতা বিল প্রদান সংক্রান্ত যাবতীয় কাজ;

১৮.২০ বাজেট-১ শাখা/ অধিশাখার কর্মকর্তার ছুটিকালীন বিকল্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন; এবং

১৮.২১ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

# মৎস্য অনুবিভাগ

**অতিরিক্ত সচিব (মৎস্য)**

১৯.১ মন্ত্রণালয়ের মৎস্য অনুবিভাগের কার্যক্রমের সামগ্রিক তত্ত্বাবধান;

১৯.২ অধিনস্থ উপসচিবগণের কার্যক্রম তদারকি;

১৯.৩ মৎস্য অধিদপ্তরের কর্মকর্তাগণের বিভাগীয় তদন্ত ও মামলা সংক্রান্ত কার্যাবলী ও শাস্তিমূলক কার্যক্রম;

১৯.৪ মৎস্য অনুবিভাগের উপসচিবগণের নৈমিত্তিক ছুটি মঞ্জুরী, ভ্রমণসূচী/ডায়েরী অনুমোদন;

১৯.৫ মৎস্য অধিদপ্তর ও মৎস্য গবেষণা প্রতিষ্ঠানের যাবতীয় প্রাতিষ্ঠানিক ও উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;

১৯.৬ মৎস্য সেক্টরের নীতি নির্ধারণ সম্পর্কে দায়িত্ব পালন;

১৯.৭ অতিরিক্ত সচিব (প্রশাসন) ও যুগ্মসচিব (ব্লু ইকোনমি) এর ছুটিকালীন বিকল্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন; এবং

১৯.৮ সচিব কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

**যুগ্মসচিব (ব্লু ইকোনমি)**

২০.১ ব্লু-ইকোনমি (Blue Economy), বিএফডিসি ও মেরিন ফিশারিজ সম্পর্কিত কার্যক্রমের সামগ্রিক তত্ত্বাবধান;

২০.২ অধিনস্থ উপসচিবগণের কার্যক্রম তদারকি;

২০.৩ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন ও মেরিন ফিশারিজ একাডেমির যাবতীয় প্রাতিষ্ঠানিক ও উন্নয়ন কার্যক্রম তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;

২০.৪ অতিরিক্ত সচিব (মৎস্য ) এর ছুটিকালীন বিকল্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন; এবং

২০.৫ সচিব কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

**মৎস্য- ১ শাখা/অধিশাখাঃ**

২১.১ মৎস্য অধিদপ্তর ও উহার অধীনস্থ দপ্তরসমূহের সকল প্রশাসনিক কার্যাবলী;

২১.২ মৎস্য অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদুর্ধ্ব ক্যাডার/ নন-ক্যাডার কর্মকর্তাদের পদোন্নতি, নিয়োগ, পদায়ন ও বদলী;

২১.৩ মৎস্য অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদুর্ধ্ব ক্যাডার/ নন-ক্যাডার কর্মকর্তাদের শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুর;

২১.৪ মৎস্য অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদুর্ধ্ব ক্যাডার/ নন-ক্যাডার কর্মকর্তাদের অর্জিত ছুটি/বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর;

২১.৫ মৎস্য অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদুর্ধ্ব ক্যাডার/ নন-ক্যাডার কর্মকর্তাদের পিআরএল, লাম্পগ্রান্ট, পেনশন ও আনুতোষিক মঞ্জুর;

২১.৬ মৎস্য অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদুর্ধ্ব ক্যাডার/ নন-ক্যাডার কর্মকর্তাদের চাকরি স্থায়ীকরণ;

২১.৭ মৎস্য অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদুর্ধ্ব ক্যাডার/ নন-ক্যাডার কর্মকর্তাদের সাধারণ ভবিষ্য তহবিলে জমাকৃত টাকা হতে অগ্রিম/ চূড়ান্ত উত্তোলন এবং ২০ গ্রেড হতে ০৮ গ্রেডের কর্মচারীদের ৪র্থ কিস্তি অগ্রিম উত্তোলন;

২১.৮ মৎস্য অধিদপ্তরের ২০ গ্রেড হতে ০৭ গ্রেডের সরাসরি নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াকরণ;

২১.৯ মাননীয় প্রধানমন্ত্রীর কল্যাণ তহবিল /সরকারী কর্মচারী কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান কার্যক্রম প্রক্রিয়াকরণ;

২১.১০ মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগবিধি সংক্রান্ত কার্যক্রম;

